

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
জনপ্রশাসন মন্ত্রণালয়
১ম-১২তলা সরকারি অফিস ভবন (১১তলা)
সেগুনবাগিচা, ঢাকা।
www.bkkb.gov.bd



নম্বর ০৫.৮১.০০০০.০০৫.৪১.০০৭.১৯. / ১০০

তারিখ: ১৬/১২/২০২০

পরিপত্র

বিষয়: বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের "Unique Registration System" বাস্তবায়ন

বাংলাদেশ সচিবালয় নির্দেশমালা, ২০১৪ এর ৮ম অধ্যায়ের ২৬০ নং নির্দেশে, এটুআই প্রোগ্রামের সেবাপ্রকৃতি সহজিকরণ বাস্তবায়ন বিষয়ক নির্দেশনা, মন্ত্রিপরিষদ বিভাগের ০৮/০৪/২০১৩ খ্রি. তারিখে জারিকৃত প্রজ্ঞাপনে জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজিকরণের পন্থা উদ্ভাবন সংক্রান্ত নির্দেশনার পরিপ্রেক্ষিতে বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল অনলাইন সেবা একটি প্লাটফর্মে আনার উদ্যোগ গ্রহণ করা হয়। বোর্ড হতে অনলাইনে সেবা গ্রহণের জন্য আবেদনকারী একবারই রেজিস্ট্রেশন করবে এবং পরবর্তীতে তীর আইডি ও পাসওয়ার্ড দিয়ে লগইন করে কাল্পনিক সেবার জন্য আবেদন দাখিল করতে পারবে। বোর্ডের সকল অনলাইন সেবা একটি প্লাটফর্মে একই ডোমেইন এর আওতায় আনার লক্ষ্যে Unique Registration System প্রণয়ন সংক্রান্ত উদ্ভাবনী উদ্যোগটি ২২/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত ৩১তম বোর্ড সভায় অনুমোদিত হয়।

০২। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের Unique Registration System টি প্রণয়ন করে কল্যাণ-যৌথ-দাফন অনুদান সেবার অনলাইন সফটওয়্যার URL: sss.bkkb.gov.bd এর সাথে সমন্বয়পূর্বক বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ডাটা সেন্টারে হোস্টিং করা হয়েছে।

০৩। বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের সকল ই-সেবার ক্ষেত্রে Unique Registration System ব্যবহারের মাধ্যমে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সম্পন্ন করে যে কোন সেবার জন্য অনলাইনে আবেদন করতে পারবে।

জনস্বার্থে জারিকৃত এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

সত্যব্রত সাহা

মহাপরিচালক(সরকারের সচিব)
বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড
ফোন: +৮৮-০২-৪৯৩৪৯৩২৩
ই-মেইল: dg@bkkb.gov.bd

বিতরণ:

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও ঢাকা।
২. সিনিয়র সচিব/সচিব,
৩. বিভাগীয় কমিশনার ও সভাপতি, বিভাগীয় আঞ্চলিক কল্যাণ কমিটি, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ ময়মনসিংহ বিভাগ।
৪. পরিবহন কমিশনার, সরকারি যানবাহন অধিদপ্তর।
৫. প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৬. পরিচালক(প্রশাসন)/ পরিচালক (উন্নয়ন), বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা।
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৮. সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৯. পরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর।
১০. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি, জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. উপপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, বিভাগীয় কার্যালয়, খুলনা/ময়মনসিংহ।
১২. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
১৩. তথ্য অফিসার, পি.আই.ডি, সংবাদ কক্ষ।
১৪. প্রোগ্রামার, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড, প্রধান কার্যালয়, ঢাকা (বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৫. অফিস কপি।